# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় ‘অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر ـ الفصل الثاني

আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ اللَّهَ خَلَقَ آدَمَ مِنْ قَبْضَةٍ قَبَضَهَا مِنْ جَمِيعِ الْأَرْضِ فَجَاءَ بَنُو آدَمَ عَلَى قَدْرِ الْأَرْضِ مِنْهُمُ الْأَحْمَرُ وَالْأَبْيَضُ وَالْأَسْوَدُ وَبَيْنَ ذَلِكَ وَالسَّهْلُ وَالْحَزْنُ وَالْخَبِيثُ وَالطَّيِّبُ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد

বাংলা

১০০-[২২] আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ’’আল্লাহ তা’আলা আদম (আঃ)-কে এক মুঠো মাটি দিয়ে সৃষ্টি করেছেন, যা তিনি সমগ্র ভূপৃষ্ঠ হতে নিয়েছিলেন। তাই আদম সন্তানগণ (বিভিন্ন মাটির রং অনুযায়ী বিভিন্ন আকৃতিতে) কেউ লাল বর্ণের, কেউ সাদা, কেউ কালো, কেউ মধ্যবর্তী বর্ণের হয়েছে। এরূপে কেউ কোমল মেজাজের, কেউ কঠোর হয়, কেউ সৎ ও কেউ অসৎ প্রকৃতির হয়ে থাকে। (আহমাদ, তিরমিযী ও আবূ দাঊদ)[1]

## English

Chapter: Belief in the Divine Decree - Section 2

Abu Musa reported that he heard God’s messenger say, “God created Adam from a handful which he took from the whole of the earth; so the children of Adam are in accordance with the earth, some red, some white, some black, some a mixture, also smooth and rough, bad and good.”

Ahmad, Tirmidhi and Abu Dawud transmitted it.

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৮৭৬১, আবূ দাঊদ ৪০৭৩, তিরমিযী ২৮৭৯, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১৬৩০।

ইমাম তিরমিযী (রহঃ) হাদীসটির স্তর বা মান সম্পর্কে বলেছেন ‘হাসান সহীহ’। যেমনটি শায়খ আবুল ফারাজ আস্ সাক্কাফী (রাঃ) তার “আল ফাওয়া-য়িদ” গ্রন্থের ১/৯৭ নং পৃঃ হাদীসটি বর্ণনা করে সহীহ বলেছেন। আর মুসনাদে আহমাদের ৪/৪০৬ নং পৃঃ হাদীসটি রয়েছে। অতএব হাদীসটি সহীহ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বানী আদম আল্লাহ তা‘আলার অন্যতম শ্রেষ্ঠ সৃষ্টি। তাদের কেউ লাল, কেউ সাদা, কেউ কালো বর্ণের হওয়ার কারণ হলো আদম (আঃ)-কে যে একমুষ্টি মাটি থেকে সৃষ্টি করা হয়েছে মাটির অনুপাতেই তাদের এমন বিভিন্নতা।

‘আল্লামা ত্বীবী বলেন, উক্ত হাদীসে ৪টি গুণ যা মানুষের মধ্যে দৃশ্যমান এবং মাটিও তাই। তবে পরের ৪টি ব্যাখ্যার দাবীদার, কেননা এগুলো (اَلسَّهْلُ) সহজ-সরল, (اَلْحَزْنَ) বিষণ্ণ হওয়া, (اَلْخَبِيْثُ) মন্দ, (اَلطَّيِّبُ) ভালো, আভ্যন্তরীণ চরিত্র।

(اَلسَّهْلُ) দ্বারা উদ্দেশ্য হচ্ছে নরম হওয়া বা ভদ্র হওয়া। (اَلْحُزْنُ) দ্বারা উদ্দেশ্য নির্বুদ্ধিতা, বোকামি; (اَلطَّيِّبُ) দ্বারা উর্বর জমিন, অর্থাৎ- মু’মিন ব্যক্তি যার প্রতিটি ক্ষেত্রেই কল্যাণকর এবং (اَلْخَبِيْثُ) দ্বারা উদ্দেশ্য হলো জলাভূমি বা লবণাক্তভূমি, অর্থাৎ- কাফির যার পুরোটাই অকল্যাণকর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54659

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন